



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্মকর্তা- কর্মচারী বহুমুখী সমবায় সমিতি লিঃ  
রেজিস্ট্রেশন নং- সঃ অঃ ০১ তারিখঃ ২৮-০৭-২০১১  
নিবন্ধিত কার্যালয়ঃ- ১, নবাব আব্দুল গণি রোড ঢাকা-১০০০

সূত্র নং- ২৮-৫ /বিউবো/সমবায়/২০১৪

তারিখ : ২৫/০৩/২০১৪ খ্রিঃ

### “প্রজ্ঞাপন”

এতদ্বারা বিউবো কর্মকর্তা-কর্মচারী বহুমুখী সমবায় সমিতির লিঃ সম্মানিত সকল সদস্যগণের (বিউবো কর্মকর্তা -কর্মচারীগণ বিউবোতে ডেপুটেশনে কর্মরত সরকারী কর্মকর্তাগণ, বিউবো এর আওতাধীন কোম্পানী সমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ এবং বিউবো এর সাবেক/অবসর প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ) সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিউবো আবাসন প্রকল্পে জমি ক্রয়ের সম্ভাব্য চাহিদা নিরূপনে লক্ষ্যে প্রকল্পের প্লট বরাদ্দের জন্য ইচ্ছুক সদস্যগণের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

#### শর্তাবলীঃ-


- ১। বিউবো আবাসন প্রকল্পের প্রসপেক্টাস এর ক্রয় মূল্য ৫০০/- টাকা সমিতির ব্যাংক হিসাব নং- SND-004002717 জনতা ব্যাংক লিঃ ১নং আঃ গণি রোড শাখা, ঢাকা-১০০০, এর অনুকূলে জমা করে প্রসপেক্টাস ও আবেদন ফরম সংগ্রহ করা যাবে। এছাড়া বিউবো এর সকল আঞ্চলিক হিসাব দপ্তর/বিউবো বহুমুখী সমবায় সমিতির দপ্তর, ৫ম তলা, বিদ্যুৎ ভবন, ঢাকা ও বিউবো এর সকল প্রকল্প দপ্তর থেকে নগদ ৫০০/- (পাঁচ শত) টাকা মাত্র পরিশোধ পূর্বক প্রসপেক্টাস ও আবেদন ফরম সংগ্রহ করা যাবে।
- ২। আবেদন পত্রের সাথে সদস্য পদের প্রমাণপত্র হিসেবে সমিতির আইডি কার্ডের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ৩। আবেদনকারীকে ফরম ক্রয়ের মূল রশিদ অবশ্যই আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ৪। আবেদনকারীকে বিউবো কর্মকর্তা-কর্মচারী বহুমুখী সমবায় সমিতি লিঃ হিসাব নং- SND-004002717 জনতা ব্যাংক লিঃ ১নং আঃ গণি রোড শাখার অনুকূলে আবেদন ফি বাবদ ১,০০,০০০/- টাকা (একলক্ষ টাকা) মাত্র এর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ক্রস চেক আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে। আবেদন ফি ডাউনপেমেন্টে সাথে সমন্বয় করা হবে।
- ৫। বিউবো আবাসন প্রকল্পের প্রসপেক্টাসে বর্ণিত শর্তাবলী অনুসরণ পূর্বক আবেদন ফরম পূরণ এবং স্ব-স্ব দপ্তর প্রধানের প্রতি স্বাক্ষর সহ-সীল সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।
- ৬। সমিতির সদস্য বিউবোর অবসর প্রাপ্ত/কর্মকর্তা -কর্মচারীগণ সরাসরি সমিতি দপ্তর, বিদ্যুৎ ভবন ৫ম তলা ১নং আঃ গণি রোড, ঢাকা-১০০০ অথবা জনতা ব্যাংক লিঃ ১নং আঃ গণি রোড, ঢাকা-১০০০, শাখায় সমিতির হিসাব নং- SND-004002717 এর অনুকূলে নির্ধারিত ফি জমা প্রদান করে ও প্রসপেক্টাস সংগ্রহ এবং প্লট বরাদ্দের আবেদন পত্র জমা দিতে পারবেন।
- ৭। সমিতির সদস্যদের প্লট বরাদ্দের আবেদন পত্রের ভিত্তিতে প্লটের ক্যাটিগরি ভিত্তিক প্যানেল তৈরী করা হবে এবং ভবিষ্যতে প্যানেল থেকে পর্যায়ক্রমে লটারির মাধ্যমে প্লট বরাদ্দ করা হবে।

৮। আগামী ২৫/০৬/২০১৪ তারিখ থেকে ২৪/০৭/২০১৪ ইং তারিখ পর্যন্ত বিউবো আবাসন প্রকল্পের প্রসপেক্টাস ও প্লট বরাদ্দের আবেদন ফরম ইস্যু করা হবে এবং আগামী ১০-০৮-২০১৪ তারিখের মধ্যে বিউবো বহুমুখী সমবায় সমিতি দপ্তর, বিদ্যুৎ ভবন, ৫ম তলা, ঢাকা-১০০০ এই ঠিকানায় অফিস চলাকালীন সময়ের মধ্যে জমা দিতে হবে। পরবর্তীতে আরকোন আবেদনপত্র গ্রহন করা হবে না।

৯। অনিবার্য কারণবশতঃ প্লটের চাহিদা মোতাবেক আবেদনকারী সদস্যদের প্লট বরাদ্দ করা সম্ভব না হলে কর্তৃপক্ষ প্লটের পরিবর্তে ফ্লাট নির্মাণ করে সদস্যদের বরাদ্দের উদ্যোগ গ্রহন করতে পারবে।

১০। বিউবো ও সমিতির ব্যবস্থাপনা কর্তৃপক্ষের যৌথ সিদ্ধান্তে প্রকল্পের প্লট বরাদ্দের নীতিমালার যে কোন পরিবর্তনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করে।

নির্দেশক্রমে


  
প্রধান নির্বাহী কর্মকর্তা (CEO)  
ও  
মহাব্যবস্থাপক,  
বানিজ্যিক পরিচালণ, বিউবো, ঢাকা।

সূত্র নং- ১৮/বিউবো/সমবায়/২০১৪

তারিখঃ ২৫/৬/২০১৪খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রদানঃ-

১. সভাপতি, মাননীয় চেয়ারম্যান, বিউবো ওয়াপদা ভবন, ঢাকা।
২. নিবন্ধক, সমবায় অধিদপ্তর, সিডিক সেন্টার, আগারগাঁও, ঢাকা।
৩. সদস্য বিতরণ, সহ-সভাপতি, বিউবো কর্মকর্তা-কর্মচারী বহুমুখী সমবায় সমিতি লিঃ।
৪. সদস্য প্রশাসন, সম্পাদক, বিউবো কর্মকর্তা-কর্মচারী বহুমুখী সমবায় সমিতি লিঃ।
৫. সদস্য অর্থ/ উৎপাদন/ পি এন্ড ডি/ কোম্পানী এফেয়ার্স, বিউবো, ওয়াপদা ভবন, ঢাকা।
৬. নিয়ন্ত্রক হিসাব ও অর্থ, যুগ্ম সম্পাদক, বিউবো কর্মকর্তা-কর্মচারী বহুমুখী সমবায় সমিতি লিঃ।
৭. সচিব, বিউবো ও সদস্য ব্যবস্থাপনা কমিটি, বিউবো কর্মকর্তা-কর্মচারী বহুমুখী সমবায় সমিতি লিঃ।
৮. পরিচালক হিসাব, কোষাধ্যক্ষ, বিউবো কর্মকর্তা-কর্মচারী বহুমুখী সমবায় সমিতি লিঃ।
৯. জনাব..... সদস্য ব্যবস্থাপনা কমিটি  
বিউবো কর্মকর্তা-কর্মচারী বহুমুখী সমবায় সমিতি লিঃ।
১০. সি,এস ও টু চেয়ারম্যান, বিউবো।
১১. সকল দপ্তর প্রধান, বিউবো.....।
১২. সকল সদস্য, বিউবো কর্মকর্তা-কর্মচারী বহুমুখী সমবায় সমিতি লিঃ।
১৩. অফিস কপি।

  
প্রধান নির্বাহী কর্মকর্তা (CEO)  
ও  
মহাব্যবস্থাপক,  
বানিজ্যিক পরিচালণ, বিউবো, ঢাকা।

